সংখ্যা ৩২ | জুন ২০১৯

স্পিটালফিল্ডস এবং এর আশেপাশের এলাকার সর্বশেষ সংবাদ

SPITALFIELDS HOUSING ASSOCIATION LTD
স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন লিঃ

ইনসাইড এস.এইচ.এ

www.spitalfieldsha.co.uk

আবাসন (হাউজিং) খবর পৃষ্ঠা ২

কমিউনিটি কার্যক্রম পৃষ্ঠা ৩

ডিসক্রেশনারী হাউজিং পেমেন্ট (ডিএইচপি)

আপনি যদি বর্তমানে হাউজিং বেনিফিট ক্লেইম করে থাকেন অথবা ইউনিভার্সাল ক্রেডিটের হাউজিং ব্যয় অংশ ক্লেইম করেন তাহলে আপনি হয়তো ডিইচপি ক্লেইম করতে পারবেন, যদি আপনার বেনিফিট আপনার সকল রেন্ট কভার না করে। যারা ভাড়া পরিশোধে কষ্টের মধ্যে আছেন তাদের সহায়তার জনেই এই অতিরিক্ত বেনিফিট।

আপনি যদি বেনিফিট ক্যাপ অথবা বেডরুম ট্যাক্সের কারণে অসুবিধার মধ্যে থাকেন তাহলে আপনার ঘাটতি পুরণের জন্য ডিএইচপি ক্লেইম করতে পারেন। আপনার হাউজিং বেনিফিট অথবা ইউনিভার্সাল ক্রেডিট যদি বেশি পরিশোধ করার কারণে কমিয়ে আনা হয় আর এখন সেগুলো কভার করতে ঘাটতি থাকে তাহলে আপনি ডিএইচপি ক্লেইম করতে পারবেন না। আপনি যদি ডিএইচপি এর আবেদন করে থাকেন তাহলে যতটুকু সম্ভব বেশি সম্পূর্ণ তথ্য দিন।

- আপনার রেন্টের ব্যাপারে সহায়তার দরকার কেন?
- বকেয়া রেন্ট এর ব্যাপারে সম্পুর্ণ তথ্য
- নোটিশ দেয়া হয়েছে কিনা
- কোর্টে শুনানী রয়েছে কিনা
- আপনি যদি বেডরুম ট্যাক্সের কারণে প্রভাবিত হন তাহলে তা কমিয়ে আনার জন্য আপনি কি পদক্ষেপ নিয়েছেন
- আপনার সাথে কে বাস করেন তার বিস্তারিত
- আপনার আয় ব্যয়ের বিস্তারিত হিসাব

আপনি যদি ডিএইচপির আবেদন করে থাকেন তাহলে যথাসম্ভব বেশি তথ্য দিন। ডিএইচপি শুধুমাত্র সীমিত সময়ের জন্য দেয়া হয়, তবে সময় ফুরিয়ে যাওয়ার মুহূর্তে আপনি আবার আবেদন করতে পারেন। প্রত্যেকটি আবেদনই আলাদা আলাদাভাবে বিবেচনা করা হয়। আপনার ভাড়ায় সকল ঘাটতি পুরণের জন্য অথবা এর অংশ পরিশোধের জন্য আপনাকে তা দেয়া হতে পারে।

আপনি যদি এ সম্পর্কে আরও তথ্য চান তাহলে অনুগ্রহ করে আমাদের টেন্যান্সি সাপোর্ট অফিসার পলিন রোচ এর সাথে ০২০ ৭৩৯২ ৫৪০০ নম্বরে যোগাযোগ করুন।

মাই টেন্যান্সি (www.mytenancy.co.uk)

মাই টেন্যান্সি হচ্ছে একটি সুসংহত পদ্ধতি যাতে ভাড়াটেরা একটি ওয়েব পোর্টালের মাধ্যমে বছরের ৩৬৫ দিনই ২৪ ঘন্টা তাদের রেন্ট একাউন্ট দেখতে পারেন।

টেন্যান্টদের জন্য গুরুত্বপূর্ণ সুযোগ সুবিধা:

- রেন্ট একাউন্ট দেখতে পারেন
- সাম্প্রতিক লেনদেনগুলো দেখতে পারেন
- একটি স্টেটম্যান্ট প্রিন্ট করতে পারেন
- কিছু ব্যক্তিগত তথ্য দেখতে পারেন ও হালনাগাদ করতে পারেন (ঐচ্ছিক)
- মেরামতের অনুরোধ পাঠাতে পারেন
- মেরামত কাজ সম্পর্কিত অগ্রগতি দেখতে পারবেন
- অবস্থার পরিবর্তন সম্পর্কে জানানো যাবে
- অভিযোগ ও অভিনন্দন দুটোই জ নাতে পারেন

আপনি যদি এখনো রেজিস্টার করে না থাকেন তাহলে আরও তথ্যের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন এই নম্বরে ০২০ ৭৩৯২ ৫৪০০ অথবা ইমেইলে যোগাযোগ করুন। admin@spitalfeildsha.co.uk

রেন্টাল এক্সচেঞ্জ - এক্সপেরিয়ান

আপনার ক্রেডিট রেটিং উন্নত করা

রেন্টাল এক্সচেঞ্জ কি?

রেন্টাল এক্সচেঞ্জ হলো একটি সুরক্ষিত ডাটাবেইস যেখানে রেন্টাল পেমেন্ট অর্থাৎ ভাড়া পরিশোধ সম্পর্কিত তথ্য ধারণ করা থাকে। এই তথ্যের মাধ্যমে ভাড়াটে যাদের কোন ক্রেডিট ইতিহাস নেই অথবা সামান্যই তা রয়েছে, তাদের এই ক্রেডিট সম্পর্কিত প্রোফাইল গঠনে অথবা তার উন্নয়নে সহায়তা করে। যখন কোন ভাড়াটে কোন সেবা অথবা অন্য কিছু ধার নিতে যান তখন তাদের ক্রেডিট চেক করাতে হয় অথবা তার পরিচিতির প্রমাণ তুলে ধরতে হয়। সে মুহূর্তে সেবা প্রদানকারীরা অথবা ঋণদাতারা এই ডাটাবেইস থেকে তাদের ব্যাপারে তথ্য নিতে পারেন।

এই বিষয়টি কেন চালু করা হলো?

যুক্তরাজ্যে লক্ষ লক্ষ কনজুমার্স অর্থাৎ ভোক্তারা আর্থিক সুবিধা বঞ্চিত থাকেন এবং এর অন্যতম প্রধান একটি কারণ হলো তাদের ক্রেডিট ইতিহাস সম্পর্কিত কোন তথ্য কোথাও ধারণ করা নেই, যার কারণে তারা সহজে কোন ক্রেডিট পাওয়ার সুযোগ পাননা। মর্গেজ পেমেন্ট সম্পর্কিত তথ্যাদি ক্রেডিট রিপোর্টে অন্তর্ভুক্ত রয়েছে, কিন্তু রেন্ট পেমেন্ট বা ভাড়া পরিশোধ সম্পর্কিত কোন তথ্য সেখানে বর্তমানে অন্তর্ভুক্ত নেই। এর মানে হলো ভাড়াটে যারা তাদের রেন্ট পরিশোধ সময়মতো করেন, সে সম্পর্কিত কোন ইতিবাচক তথ্য তাদের ক্রেডিট রিপোর্টে নথিভুক্ত হয়না। এই রেন্টাল এক্সচেঞ্জ ব্যবস্থা চালু হলে ভাড়াটেদের সাপ্তাহিক অথবা মাসিক লেনদেনের রেকর্ড তাদের ক্রেডিট ফাইলে খুবই নিরাপদ ও নিয়ম মাফিক পন্থায় ধারণ করার ব্যবস্থা গ্রহণ হবে।

এতে ভাড়াটেদের কি লাভ হয়?

ভাড়াটে যারা সময়মতো ভাড়া পরিশোধ করেন তাদের এ সম্পর্কিত একটি স্বীকৃতি লাভ করা উচিত। রেন্টাল এক্সচেঞ্জ এমন একটি সুযোগ সৃষ্টি করে দেয় যার মাধ্যমে নতুন আরেকটি ক্রেডিট চুক্তি না করেই ভাড়াটেগণ তাদের ক্রেডিট রিপোর্টের উন্নয়ন করতে পারেন। ভাড়া পরিশোধ সম্পর্কিত ধারণ করা ডাটা ঋণদাতাদের একজন ভাড়াটের পরিচিতি অনলাইনে তাৎক্ষণিকভাবে পরীক্ষা করতে সহায়তা করে। তারা সে ব্যক্তি এবং যেখানে তিনি বসবাস করছেন, সে সম্পর্কে সত্যতা যাচাই করতে সহায়তা করে। তদুপরি সময়মতো ভাড়া পরিশোধের মাধ্যমে ক্রেডিট রিপোর্টের উন্নয়নের কারণে আপনার হয়তো একটি ব্যাংক একাউন্ট খোলা, একটি নতুন ক্রেডিট কার্ড পাওয়া, একটি ঋণ এর আবেদন অনুমোদন হওয়া ইত্যাদির সুযোগ সৃষ্টি হতে পারে। এতে প্রিপে পদ্ধতিতে নয় এমন অবস্থার গ্যাস অথবা ইলেক্ট্রিসিটি সেবা নিতে পারেন, উন্নতমানের মোবাইল নেয়া কিংবা ভাল রেটের ইন্সুরেন্স সেবাও গ্রহণ করতে পারেন। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ইনকাম অফিসার স্টিফেন বার্নার্ডের সাথে যোগাযোগ করুন। 0207 392 5400

বৃহদাকারের আবর্জনা যত্রতত্র ফেলা

আবর্জনা যত্রতত্র ফেলে রাখা হলো একজন বাসিন্দার ভাড়াটে শর্তাবলী ও চুক্তির লংঘন। একারণে স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনের গত আর্থিক বছর (২০১৭□২০১৮) ব্যয় হয়েছে ১৯,২২৩.৩০ পাউন্ড। এই অর্থ আপনাদের পুনরায় চার্জ করা হয় আপনাদের সার্ভিস চার্জের মাধ্যমে।

এসব বৃহদাকারের আবর্জনা বিনামূল্যে সংগ্রহ করে থাকে টাওয়ার হ্যামলেটস কাউন্সিল। তাদের সাথে যোগাযোগের নম্বর হলো ০২০ ৭৩৬৪ ৫০০৪ অথবা ইমেইল করতে পারেন। Streetline@Towerhamlets.gov.uk.

অল্প সংখ্যক বাসিন্দা, তাদের অপ্রয়োজনীয় জিনিসপত্র যৌথ এলাকায়, সিঁড়িতে, বিন রুম অথবা লিফটের বাইরে ফেলে রাখেন। অনুগ্রহ করে মনে রাখবেন সকল যৌথ এলাকা সবধরণের দাহ্য পদার্থসহ যেমন ডোর ম্যাট, চারাগাছ, বাইসাইকেল, পুশ চেয়ার, খেলনা, জুতা ইত্যাদি জিনিসপত্র থেকে বাধামুক্ত রাখুন। এসব জিনিসপত্র জরুরী অবস্থায় শুধু বাধারই সৃষ্টি করে না, এতে শিশুদের ও প্রতিবন্ধী মানুষের চলাফেরায় এবং ঘরে ফেরায় অসুবিধার সৃষ্টি করে।

অযথা যদি আপনি আপনার সার্ভিস চার্জ বাড়াতে না চান তাহলে যারা যত্রতত্র আবর্জনা ফেলেন তাদের ব্যাপারে গোপনে রিপোর্ট করুন, আমরা এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবো।

সুযোগসুবিধার সঠিক ব্যবহার নিশ্চিতকরণ

আমাদের কিছু বাসস্থানে বাসিন্দারা ড্রেইন এবং টয়লেটে কিছু জিনিসপত্র ফেলছেন। অনুগ্রহ করে ভেজা ওয়াইপ, স্যানিটারি টাওয়েল, ন্যাপি, এবং অন্যান্য জিনিস যা পাইপ ব্লক বা বন্ধ করে দেয় তা টয়লেটে ফেলবেননা, কারণ এসব সারানোর খুবই ব্যয়বহুল।

রিসাইকল বিনের সঠিক ব্যবহার

রিসাইক্লিং করা সবার জন্যই জরুরী, সুতরাং রিসাইক্লিং এর জিনিসপত্র অনুগ্রহ করে গোলাপী রিসাইক্লিং ব্যাগে ফেলুন এবং পরে ব্যাগটি গোলাপী রংয়ের বিনে ফেলুন।

যদি মিশ্র ব্যাগ বা জিনিস গোলাপী বিনে যায় তাহলে তা না সরানো পর্যন্ত এই আবর্জনা সংগ্রহ করা হয়না। এতে শুধু দৃষ্টিকটুই দেখায়না, পোকামাকড়ের ও আবির্ভাব ঘটে এবং তা আগুন লাগার জন্যেও ঝুঁকিপূর্ণ।

আন্তর্জাতিক নারী দিবস

১৯১১ সাল থেকে প্রতি বছর ৮ই মার্চ বিশ্বব্যাপী নারীদের সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক সাফল্য উদযাপনের জন্য ইন্টারন্যাশনাল উইম্যান্স ডে অর্থাৎ আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়।

স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন এই গুরুত্বপূর্ণ দিবসটি মহিলা অঙ্গন এসোসিয়েশন, টাওয়ার হ্যামলেটস প্যারেন্টস সেন্টার ও টাওয়ার হ্যামলেটস কমিউনিটি হাউজিং এর সাথে মিলে একত্রে পালন করে। হাসন রাজা কমিউনিটি সেন্টারে ৮ ই মার্চ ২০১৯ তারিখে শুধুমাত্র মহিলাদের জন্য পুরো দিন অনুষ্ঠানমালার আয়োজন করা হয়।

এতে ছিল,

- নাটক
- বাংলা
- কবিতা পাঠ
- ফল কাটার ওয়ার্কশপ,
- খাবার দাবার,
- (কাপড়, জুয়েলারী, স্বাস্থ্য সচেতনতা এবং তথ্য প্রদানের স্টল)
- শাড়ী ওয়ার্কশপ,
- র‍্যাফল ড্র,
- মাথা ও ঘাড়ে মালিশ,
- মেকআপ ও মেহদী এবং
- আস্থা গঠনমুলক ওয়ার্কশপ ইত্যাদি।

উইম্যান্স স্কিলস প্রজেক্ট

সাপ্তাহিক ভিত্তিতে হাসন রাজা কমিউনিটি সেন্টারে একটি নতুন উইম্যান্স প্রজেক্ট পরিচালিত হবে ১৩ জুন সকাল ৯:৩০ মিনিট থেকে দুপুর ১২টা পর্যন্ত। ভিসিএসএ□র সাথে পার্টনারশীপ ভিত্তিতে এটি একটি প্রজেক্ট।

এর লক্ষ্য হচ্ছে স্থানীয় এলাকায় বাস্তব পরিবর্তনের সাথে মহিলাদের সহায়তা করা যা সমাজে অগ্রসরের মাধ্যমে একীভুত হওয়া, কর্মদক্ষতা অর্জন এবং একজন স্বাস্থ্যকর স্বনির্ভর মহিলা হওয়াকে উৎসাহিত করে। পরিকল্পনা হচ্ছে স্থানীয় মহিলারা সপ্তাহের জন্য দুই ঘন্টা বাইরে আসা, যেখানে তারা সেলাই, স্বাস্থ্যকর রান্নাবান্না, নাচ, ইএসওএল, কম্পিউটিং ইত্যাদি শিখতে পারেন ও কর্মসংস্থান খোজা এবং নেটওয়ার্কিং করতে পারেন। আপনি যদি অংশগ্রহণে আগ্রহী হোন তাহলে অনুগ্রহ করে প্রথম সেশনে রেজিস্টার করার জন্য নিম্নলিখিত ঠিকানায় আসুন : 117 Vallance Rd, E1 6BW.

ব্রেকফাস্ট ক্লাব

হাসনরাজা সেন্টারে স্থানীয় মহিলাদের জন্য সপ্তাহে বুধবার সকাল ৯টায় স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন মহিলা অঙ্গন এসোসিয়েশনের সাথে মিলে ব্রেকফাস্ট ক্লাবের আয়োজন করে আসছে। এই ব্রেকফাস্ট ক্লাবের উদ্দেশ্য হচ্ছে কমিউনিটির মহিলাদের একে অন্যের সাথে মেলামেশা, বন্ধুবান্ধবদের মধ্যে খোশগল্প ইত্যাদির ব্যবস্থা করে দেয়া এবং বাইরে আসার সুযোগ করে দেয়া। এতে মহিলাদের মধ্যে নিজেদের সম্পর্কে আস্থা অর্জনে সহায়তা হয়। সকালে ব্রেকফাস্ট যে কত জরুরী এবং কিভাবে খাবার দাবারে স্বাস্থ্যকর উপাদান রাখা যায় সে সব বিষয়ে সেখানে আলোচনা হয়।

কুকিং ক্লাব

আমাদের কুকিং ক্লাব এর সহায়তায় আপনি স্বাস্থ্যকর এবং ব্যালেন্সড ডায়েট, এ ধরণের খাবার কিভাবে তৈরি করবেন ও এর প্রস্তুতি সম্পর্কে জানতে পারবেন। কোন সিজনে কোন খাবার পাওয়া যায়, খাবার লেভেল পড়া এবং তা বুঝে উঠা, ফুড হাইজিন এবং ফুড সেইফটি সম্পর্কে দক্ষতা অর্জন ইত্যাদি সহ রান্নার আনন্দ উপভোগ করুন।

গত ৮ মাস যাবত স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন একজন প্রশিক্ষণপ্রাপ্ত স্থানীয় ভলান্টিয়ারের সাথে মা দের জন্য হেলদি কুকিং ক্লাব পরিচালনা করছে।

পরবর্তী কুকিং ক্লাব সেশন শুরু হচ্ছে

কুকিং ক্লাব রেজিস্ট্রেশন : শুক্রবার ১৪ জুন সকাল ৯:৩০ থেকে ১০:৩০টা পর্যন্ত

সাপ্তাহিক সেশন শুরু: বৃহস্পতিবার ১২:১৫মিনিটে

মেয়াদকাল: ৬ সপ্তাহ

স্থান: হাসন রাজা সেন্টার 117 Vallance Road, E1 5BW

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে কল করুন:
০২০ ৭৩৭৭ ১৩০৬

হাসন রাজা সেন্টার ভাড়ার সুযোগ সুবিধা

আমাদের সাপ্তাহিক প্রকল্প এবং কার্যক্রম ছাড়া ব্যক্তিগতভাবে কম খরচে হাসন রাজা সেন্টার ভাড়া করার সুযোগ আছে। সকল প্রাইভেট পার্টি ও অনুষ্ঠান নিম্ন হারে ভাড়া দেয়া হয়।

অনুগ্রহ করে মনে রাখবেন: সেন্টার রাত ১০টার মধ্যে বন্ধ হতে হবে। সকল অনুষ্ঠান রাত ১০টার মধ্যে শেষ করতে হবে এবং সেন্টার সর্বশেষ ১০টার মধ্যে বন্ধ করতে হবে।

সময়

সকাল (৯টা থেকে ৩টা পর্যন্ত)

অপরাহ্ন (৪টা থেকে রাত ১০টা)

হল ভাড়া ১৫০ পাউন্ড

ডিপোজিট ১৫০ পাউন্ড

কিচেন (কুকার ব্যবহার ছাড়া) ২০ পাউন্ড

অতিরিক্ত ঘন্টা ২৫ পাউন্ড ঘন্টায়

ধারণ ক্ষমতা

বাংকোয়েট স্টাইলে চেয়ার টেবিলে বসা ৭০ জন

কনফারেন্স স্টাইলে ৯০ জন

১২টি টেবিলের ব্যবস্থা রয়েছে (সর্বোচ্চ ৪জন করে) এবং ৮০টি চেয়ার রয়েছে

অন্যান্য সাধারণ অনুষ্ঠানের জন্য (কম সময় এবং সপ্তাহ দিবসের জন্য ভাড়া) এবং অন্যান্য ভাড়ার সুযোগ সুবিধা এবং খরচ সম্পর্কে জানার জন্য যোগাযোগ করুন ০২০ ৭৩৭৭ ১৩০৬ নম্বরে অথবা ইমেইল করুন সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ৫টার মধ্যে hallhire@spitalfieldsha.co.uk

আমরা কেমন করছি (পারফর্মেন্স)

সেবার এলাকা	পারফরমেন্স নির্দেশিকা	বিগত বছরের পারফরমেন্স (২০১৭/২০১৮)	বর্তমান বছরের লক্ষ্যমাত্রা	কোয়ার্টার ১ (এপ্রিল- জুন)	কোয়ার্টার ২ (এপ্রিল - সেপ্টেম্বর)	কোয়ার্টার ৩ (এপ্রিল - ডিসেম্বর)	কোয়ার্টার ৪ (এপ্রিল - মার্চ)	ওয়াইটিডি এপ্রিল - মার্চ	লক্ষ্যের বিপরীতে পারফরমেন্স	গতি ধারা (বিগত সময়ের বিপরীতে পারফরমেন্স)
ভাড়াটে ব্যবস্থাপনা	অসামাজিক কার্যকলাপ ঘটনার সমাধানের সংখ্যা	১০০%	৯০%	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%	☺	→
এস্টেট ব্যবস্থাপনা	প্রকাশিত সময় অনুযায়ী এস্টেট পরিদর্শন সমাপ্ত করার সংখ্যা	১০৬	২৮৬	১৬৬	১৬৬	১৬৬	১৬৬	৬৬৪	☺	↑
মেরামত কাজে সাড়া প্রদান	প্রথমেই সমাধান সকল কন্ট্রাক্টরের ক্ষেত্রে	৯৪.৯৪%	৬০%	৯৩.৯%	৯৫.৫২%	৯৫.৪%	৯৪.০৩%	৯৪.৭%	☺	→
মেরামত কাজে সাড়া প্রদান	যখন কোন এপয়েন্টমেন্ট করা হয় এবং তা রক্ষা করা হয় এর হার - সকল কন্ট্রাক্টরের ক্ষেত্রে	৯৯.৩৭%	৯৫%	৯৯.৩৫%	৯৮.৯৩%	৯৯.১%	৯৯.১২%	৯৯.১২%	☺	→
মেরামত কাজে সাড়া প্রদান	ল্যান্ডলর্ড যখন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন করেন তখন ভাড়াটেদের সন্তুষ্টির হার (অভ্যন্তরীন) - সকল কন্ট্রাক্টরদের ক্ষেত্রে	৯৫%	৯৫%	৯৭%	৯৭%	৯৬%	৯৯%	৯৭%	☺	→

☺ = লক্ষ্যমাত্রা অনুযায়ী হচ্ছে

😐 = লক্ষ্যমাত্রার ১০ পারসেন্টের মধ্যে

☹ = লক্ষ্যমাত্রার ১০ পারসেন্টের বাইরে

↑ = বিগত সময়ের চেয়ে উন্নতি

→ = বিগত সময়ের চেয়ে খবব অগ্রগতি হয়নি

↓ = পারফরমেন্সে অবনতি